প্রধান প্রকৌশলীর দপ্তর, পানি বিজ্ঞান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭২, গ্রীণ রোড, ঢাকা।
ফোনঃ ৪৮১১২২৯১, ৪৮১১২৩২০, ৪৮১১২২৮৪
ই-মেইল ঃ cehydrologybwdb@yahoo.com

Office of the Chief Engineer, Hydrology
Bangladesh Water Development Board
72 Green Road, Dhaka.
Phone: 48112291, 48112320, 48112284
e-mail: cehydrologybwdb@yahoo.com

স্মারক নংঃ ৪২.০১.০০০০.০৪২.৩৭.০০৫.২১-১৪৩ তারিখঃ ১৩-০৩-২০২৫ খ্রিঃ।

## দপ্তরাদেশ

আগামী ১৫ মার্চ, ২০২৫ খ্রিঃ/০১ চৈত্র, ১৪৩১ বাংলা তারিখ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক **"বন্যা তথ্য কেন্দ্র"** নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, লেভেল-২, ৩য় তলা, গ্রীনরোড, ঢাকা-১২০৫ এ খোলা হবে। উক্ত অফিসের নির্বাহী প্রকৌশলী এ তথ্য কেন্দ্রের সামগ্রিক দায়িত্বে থাকবেন। পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত এ কেন্দ্রের কাজ ৩১ অক্টোবর, ২০২৫ খ্রি./১৫ কার্তিক, ১৪৩২ বঃ পর্যন্ত চলবে।

এ তথ্য কেন্দ্রের কাজ হবে বংলাদেশের বিভিন্ন স্থানের পানি সমতল এবং বৃষ্টিপাত বিষয়ক সর্বশেষ দৈনিক তথ্য বাংলাদেশ সরকার ও পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করা। এ কেন্দ্র নিম্নোক্ত বুলেটিন নিয়মিত প্রকাশসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী নিম্নোক্ত গাইডলাইন অনুসরণে দায়িত্ব পালন করবে।

১। প্রতিদিন সকাল ৯ ঘটিকা পর্যন্ত সিডিউল অনুযায়ী বিগত ২৪ ঘন্টার রেকর্ডকৃত পানি সমতল ও বৃষ্টিপাত সম্বলিত সর্বশেষ বন্যা তথ্যপুষ্ট বুলেটিন নির্ধারিত ছকে দৈনিক বেলা ১০:০০ টা এবং সারাদিনের রেকর্ডকৃত পানি সমতল সম্বলিত সর্বশেষ বন্যা তথ্যপুষ্ট দ্বিতীয় বুলেটিন নির্ধারিত ছকে দৈনিক বেলা ৪:০০ টার মধ্যে প্রকাশ করা হবে।

২। ১৫ মার্চ হতে ১৫ মে ২০২৫ পর্যন্ত দেশের উত্তর পূর্বাঞ্চলের হাওর অববাহিকাভুক্ত এলাকার জন্য এ অঞ্চলের ৩৭টি স্টেশনে প্রধান নদীসমূহের ২৪, ৪৮, ৭২ ঘন্টার আকস্মিক বন্যার পূর্বাভাস প্রণয়ন পূর্বক দুপুর ১২ ঘটিকার মধ্যে প্রকাশ করা হবে। এছাড়াও বৃষ্টিপাত পূর্বাভাসের উপর ভিত্তি করে এ অঞ্চলের নদীসমূহের জন্য ৫ থেকে ৭ দিনের কোয়ালিটেটিভ পূর্বাভাস প্রদান করা হবে।

৩। বন্যার পূর্বাভাস বুলেটিনে চিলমারী, বাহাদুরাবাদ, সিরাজগঞ্জ, ময়মনসিংহ, ঢাকা, নারায়ণগঞ্জ, তরাঘাট, সিলেট, সুনামগঞ্জ, কানাইঘাট, মৌলভীবাজার শেওলা, ভৈরব বাজার, রাজশাহী, হার্ডিঞ্জ ব্রীজ, গোয়ালন্দ, ভাগ্যকুল, মিরপুর, টংগী, চাঁপাই নবাবগঞ্জ ও নওগাঁ স্টেশনসহ মোট ৬১টি স্টেশনসমূহের ১৬ মে হতে ৩১ অক্টোবর ২০২৫ পর্যন্ত সময়ে পানি সমতলের পরবর্তী ২৪, ৪৮, ৭২, ৯৬ এবং ১২০ ঘন্টার পূর্বাভাস দুপুর ১২ ঘটিকার মধ্যে প্রকাশ করা হবে। উল্লেখ যে, চিলমারী, বাহাদুরাবাদ, রাজশাহী ও হার্ডিঞ্জ সেতুর পূর্বভাস ভারত হতে প্রাপ্ত তথ্যের উপর নির্ভরশীল হওয়া সত্ত্বেও বাংলাদেশের সীমানার সর্ব উজানের স্টেশনকে মডেলে বিবেচনা করে পূর্বাভাস প্রকাশ করা হবে। উত্তর পূর্বাঞ্চল ও দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়িয়া নদীসমূহের কোয়ালিটেটিভ পূর্বাভাস দেয়া হবে। এছাড়াও উপরোক্ত স্টেশনসমূহের ৩৭টি পয়েন্টে ১০ দিনব্যাপী মধ্যমেয়াদী পানি সমতল এবং ৬১টি পয়েন্টে ১৫ দিনব্যাপী মধ্যমেয়াদী পানি প্রবাহরে পূর্বাভাস প্রদান করা হবে।

৪। (ক) বন্যা পরিস্থিতির উপর নির্ভর করে প্রতি রবিবার সারাদেশের সামগ্রিক বন্যা পরিস্থিতি বিবেচনায় বন্যা প্রতিবেদন বের করা হবে এবং মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী মাসের একটি মাসিক প্রতিবেদন প্রকাশ করা হবে। উল্লেখিত বুলেটিন ও প্রতিবেদনসমূহ নির্ধারিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বরাবর ই-মেইল ও ফ্যাক্স যোগে প্রেরণ করা হবে। এ ছাড়া বুলেটিন বাংলাদেশ সংবাদ সংস্থা, পাবলিক ইনফরমেশন ডিপার্টমেন্ট, বেতার এবং টেলিভিশন কর্তৃপক্ষের নিকট পাঠানো হবে। এছাড়াও ওয়েবসাইট **(www.ffwc.gov.bd),** অ্যানরয়েড মোবাইল অ্যাপ (BWDB Flood App), আইভিআর (১০৯০ তে কল করে ৫ চেপে) ও "গুগল" পুশ নোটিফিকেশন এর মাধ্যমে বন্যার পূর্বাভাস সংক্রান্ত তথ্য জানা যাবে।

(খ) স্বাভাবিক অবস্থায় এ কেন্দ্র ১৫ মার্চ হতে ৩১ অক্টোবর ২০২৫ পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটির দিনসহ এ কেন্দ্র সকাল ৮.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে ঘুর্ণিঝড় ও বন্যা সংক্রান্ত দুর্যোগ পর্যায়ে প্রয়োজন অনুযায়ী তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি বিজ্ঞান তথ্য ও বন্যা পূর্বাভাস সার্কেলের বিশেষ নির্দেশে এ কেন্দ্র সকাল ৮.০০ টা হতে সন্ধ্যা ৭.০০ টা, রাত ৯টা এমনকি প্রয়োজনে দিবা-রাত্র ২৪ ঘন্টাও খোলা রাখা হবে। **ডিউটি অফিসার দেশের অভ্যন্তরে এবং উজানের বিভিন্ন উৎস হতে প্রাপ্ত পূর্বাভাস, রিয়েলটাইম তথ্য বিশ্লেষনপূর্বক সারসংক্ষেপ ও আউটলুক তৈরী করবেন। কোন প্রকার অস্বাভাবিক আবহাওয়া পরিস্থিতি বিরাজ করলে তা উর্দ্ধতন কর্মকর্তাদের অবহিত করবেন।**

(গ) বন্যা তথ্য কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনায় সকাল ৮.০০ টা হতে উপরোল্লেখিত সময়ের জন্য পর্যায়ক্রমে একজন উপ-বিভাগীয় প্রকৌশলী/প্রোগ্রামার/সহকারী প্রকৌশলী ডিউটি অফিসার হিসাবে তথ্য কেন্দ্রের সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত থাকবেন। এ ছাড়া একজন ডাক বাহক, তিনজন টিসিও/টিপিও ও একজন অফিস সহায়ক নিজ নিজ কাজে নিয়োজিত থাকবেন।

সংশ্লিষ্ট পানি বিজ্ঞানের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তাগণ এবং সংযোজিত তালিকায় (সংযুক্তি-১গ) উল্লেখিত গেজ পাঠকগণ ১৫ মার্চ ২০২৫ হতে বন্যা তথ্য কেন্দ্রে নিয়মিতভাবে নিজ দায়িত্বে নিজ নিজ এলাকার পানি সমতল এবং বৃষ্টিপাতের পরিমাপ ৩১ অক্টোবর ২০২৫ পর্যন্ত সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিনসহ প্রতিদিন সকাল ৯.৩০ টার মধ্যে নির্দিষ্ট ফোনে মোবাইল ফোন নং-০১৭৮৭৬৯৪৭৮৮ এবং ০১৭৮৭৬৯৪৭৯৯-এ SMS Format এর মাধ্যমে সর্বোচ্চ প্রাধিকারের ভিত্তিতে অবশ্যই প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

মাঠ পর্যায়ে যথাযথভাবে উপাত্ত সংগ্রহ/প্রেরণ করা হচ্ছে কি না তা নিকটস্থ পানি উন্নয়ন বোর্ডের পানি বিজ্ঞান সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ তদারকি করবেন এবং কোন কারণে কোন স্টেশনের গেজপাঠক/টিসিও/টিপিও অনুপস্থিত থাকলে তা জাতীয় গুরুত্বপূর্ণ দায়িত্ব বিবেচনায় ঐ সকল স্টেশনের উপাত্ত মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ/কর্মচারীগণ টেলিফোন/ফ্যাক্সের মাধ্যমে বন্যা তথ্য কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

বন্যা তথ্য কেন্দ্রের টেলিফোন এবং টেলিগ্রাফিক ঠিকানা নিম্নে দেয়া হলঃ-

টেলিফোন নম্বর ঃ ৮৮-০২-২২২২-৩০০৭০ (বন্যা তথ্য কেন্দ্র), ৮৮-০২-২২২২-৩০০৭১ (নির্বাহী প্রকৌশলী)
৮৮-০১৫৫২-৩৫৩৪৩৩ (WhatsApp only)

ই-মেইল ঃ ffwcbwdb@gmail.com, exen.ffwc@gmail.com, ffwc05@yahoo.com, ffwc@bwdb.gov.bd

Web Site ঃ www.ffwc.gov.bd

Flash Flood Websiteঃ www.ffwc.gov.bd/flashflood

(ঘ) গেজ পাঠকগণ সংশ্লিষ্ট তালিকা মোতাবেক নিজ নিজ এলাকায় তালিকাভুক্ত স্টেশনগুলোর পানি সমতল এবং বৃষ্টিপাত উপাত্ত মোবাইল ফোনের SMS Format এর মাধ্যমে দিনে দুইবার (সকাল ০৯:০০ টায় এবং দুপুর ০৩:০০ টায়) বন্যা পূর্বাভাস কেন্দ্রে পাঠাবেন। যদি কোন ষ্টেশনের পানি সমতল লক্ষণীয়ভাবে হ্রাস/বৃদ্ধি পায় তবে সংশ্লিষ্ট গেজপাঠক তার সংক্ষিপ্ত সম্ভাব্য কারণ পানি সমতল উপাত্তের সাথে লিপিবদ্ধ করে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র অথবা সংশ্লিষ্ট দপ্তরে জরুরী ভিত্তিতে অবহিত করবে। যদি কোন গেজ পাঠকের অধীনে একাধিক গেজ বা বৃষ্টিপাত কেন্দ্র তালিকাভূক্ত করা হয় তবে সব তথ্য মোবাইলে ভিন্ন ভিন্ন SMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। কোন স্থানে বৃষ্টিপাত না হলেও তা শূন্য বৃষ্টিপাত হিসাবে জানাতে হবে। পানি বিজ্ঞানের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলীগণ নিরবচ্ছিন্নভাবে উপাত্ত সংগ্রহ ও প্রেরণ নিশ্চিত করবেন।

(ঙ) পানি বিজ্ঞান অধীনস্থ কর্মকর্তা বা কর্মচারী যারা মফস্বলে কাজ করেন, তারা চাহিদা অনুযায়ী প্রয়োজনবোধে নিজ নিজ এলাকার পাউবোর মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণের নিকট পানি সমতল এবং বৃষ্টিপাতের পরিমাপ সরবরাহ করবেন। পানি সমতল বিপদসীমা অতিক্রম করলে এবং বৃদ্ধি পেতে থাকলে শুরুর সময় থেকে ৩ ঘন্টা পর পর (সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত) উপাত্ত প্রেরণ করতে হবে।

(চ) উপাত্ত প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে বিশেষ ব্যবস্থাধীনে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে মোবাইল ফোন নং-০১৭৮৭ ৬৯৪৭৮৮ এবং ০১৭৮৭৬৯৪৭৯৯ চালু থাকবে (শুধু উপাত্ত সংগ্রহের জন্য)।

৫। বাংলাদেশ সরকার প্রদত্ত দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলীর সংশ্লিষ্ট অংশ (অনুঃ ৫.২.৯, ৫.২.৯.১, ৫.২.৯.২ এবং ৫.২.৯.২.১) যা পানি সম্পদ মন্ত্রণালয় ও পানি উন্নয়ন বোর্ডের করণীয় এবং সারাদেশে বন্যা পরিস্থিতি মোকাবেলা ও প্রতি বন্যা মৌসুম শেষে কার্যক্রম গ্রহণের একটি বিজ্ঞপ্তি যার স্মারক নং ৩৩৪-পাউবো/সচি/পওর-১ তারিখঃ ৩০/১০/২০০২খ্রিঃ এতদসংগে সংযুক্ত করা হল (সংযুক্তি-১ক ও ১খ)।

৬। ঘুর্ণিঝড়ের সময় এ কেন্দ্র বাপাউবো'র জন্য ঘুর্ণিঝড় তথ্য কেন্দ্র হিসাবেও কাজ করবে এবং নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, লিয়াজোঁ অফিসার হিসাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করবেন।

৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ খুললে সেখানে প্রত্যহ উপাত্ত প্রেরণ করতে হবে।

৮। কোন সরকারী, বেসরকারী সংস্থা, এনজিও এবং বিশেষ ক্ষেত্রে দূতাবাস সমুহ ফ্লাড বুলেটিন গ্রহণে ইচ্ছা প্রকাশ করলে সে সংস্থার e-mail address সরবরাহ সাপেক্ষে ফ্লাড বুলেটিন বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। বিভিন্ন জেলার ডেপুটি কমিশনারগণ, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ এবং যে কোন সরকারী/আধা সরকারী/এনজিও কর্মকর্তা ফ্লাড বুলেটিন গ্রহণ করতে আগ্রহী হলে তাঁদের স্ব স্ব e-mail address বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে জানানো সাপেক্ষে বুলেটিন সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইহা মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

Sarker
২৬/০৩/২০২৫

(ড. জীবন কুমার সরকার, পিইঞ্জ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
পানি বিজ্ঞান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
মোবাইল ঃ ০১৩১৮২৩৪৮২৮

স্মারক নং ঃ ৪২.০১.০০০০.০৪২.৩৭.০০৫.২১-১৪৩ তারিখঃ ১৩-০৩-২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৫। সচিব, রেলপথ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৬। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৭। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৮। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৯। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ঢাকা।
১২। সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ঢাকা।
১৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১৫। মহাপরিচালক, বাংলাদেশ বেতার/বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
১৭। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৮। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিওন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৯। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২০। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২২। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, পাউবো, ঢাকা/ পওর, পাউবো, ঢাকা/ প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা/প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা/ প্রধান প্রকৌশলী, উওর পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট/অতিঃ প্রধান প্রকৌশলী পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা/ অতিঃ প্রধান প্রকৌশলী, দক্ষিণ পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম/প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর/ অতিঃ প্রধান প্রকৌশলী, দক্ষিণ পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা/প্রধান প্রকৌশলী দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল/প্রধান প্রকৌশলী উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর/প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২৪। একান্ত সচিব, মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২৫। দপ্তর কপি।

Sarker
১৩/০৩/2025

(ড. জীবন কুমার সরকার, পিইঞ্জ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
পানি বিজ্ঞান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
মোবাইল ঃ ০১৩১৮২৩৪৮২৮

স্মারক নং ঃ ৪২.০১.০০০০.০৪২.৩৭.০০৫.২১-১৪৩ তারিখঃ ১৩-০৩-২০২৫ খ্রিঃ।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পানি সমতল এবং বৃষ্টিপাত এর ডাটা সংগ্রহ ও প্রেরণের জন্য দায়িত্বপ্রাপ্ত গেজ পাঠকগণের তালিকাসহ (সংযুক্তি-১গ) "বন্যা তথ্য কেন্দ্র" সংক্রান্ত দপ্তরাদেশের কপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

১। পরিচালক (বোর্ড), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি বিজ্ঞান তথ্য ও বন্যা পূর্বাভাস সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীনরোড, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীনরোড, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিভার মরফোলজী ও রিসার্চ সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীনরোড, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী-------------------------------------------------
৬। পরিচালক, ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ঢাকা।
৭। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংশ্লিষ্ট)---------------------- *নির্বাহী প্রকৌশলী, ঢাকা পানি বিজ্ঞান বিভাগ, বাপাউবো, ঢাকা।*
৯। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, পাউবো, ঢাকা। (পানি ভবনের ৩য় তলায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র স্বাভাবিক অবস্থায় এ কেন্দ্র ১৫ মার্চ হতে ১৫ মে ২০২৫ পর্যন্ত সাপ্তাহিক এবং অন্যান্য সরকারী ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে এ সময়ে কোন এলাকায় আকস্মিক বন্যা দেখা দিলে এ কেন্দ্র সাপ্তাহিক ও সরকারী ছুটির দিনেও প্রয়োজনবোধে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে। ১৬ মে হতে ৩১ অক্টোবর ২০২৫ পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটির দিনসহ এ কেন্দ্র সকাল ৮.৩০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে ঘূর্ণিঝড় ও বন্যা সংক্রান্ত দূর্যোগ পর্যায়ে প্রয়োজন অনুযায়ী তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি বিজ্ঞান তথ্য ও বন্যা পূর্বাভাস সার্কেলের বিশেষ নির্দেশে এ কেন্দ্র সকাল ৯.০০টা হতে সন্ধ্যা ৭.০০টা, রাত ৯টা, এমনকি প্রয়োজনে দিবা-রাত্র ২৪ ঘন্টাও খোলা রাখা হবে। সে মোতাবেক বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি বিজ্ঞান তথ্য ও বন্যা পূর্বাভাস সার্কেল বা নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র এর অনুরোধে লিফ্‌ট অপারেটরকে লিফ্‌ট চালু রাখার নিমিত্তে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশ দেয়ার অনুরোধ করা যাচেছ।)
১০। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর পাউবো, ঢাকা। ১৫ মার্চ, ২০২৫ খ্রিঃ হতে বন্যা তথ্য কেন্দ্র পানি ভবনের ৩য় তলায় চালু করা হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের জন্য প্রেস বিজ্ঞপ্তি আকারে দৈনিক পত্রিকায় প্রকাশ করতে অনুরোধ করা যাচেছ (সংযুক্তি-১ঘ)।
১১। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১৩। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো, ঢাকা।
১৪। নির্বাহী প্রকৌশলী, উওরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, পাউবো, ঢাকা।
১৫। নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, পাউবো, কুমিল্লা।
১৬। নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ পাশ্চমাঞ্চলীয় পরিমাপ বিভাগ, পাউবো, ফরিদপুর।
১৭। নির্বাহী প্রকৌশলী, উওরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, পাউবো, পাবনা।
১৭। নির্বাহী প্রকৌশলী, নির্মাণ ও যন্ত্রায়ণ বিভাগ, পাউবো, ঢাকা।
১৮। নির্বাহী প্রকৌশলী, সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, পাউবো, ঢাকা।
১৯। নির্বাহী প্রকৌশলী, ----------------------------------------
২০। উপ-বিভাগীয় প্রকৌশলী (সংশ্লিষ্ট) ---------------- ------------

তার অধীনস্থ ষ্টেশন সমূহের পানি সমতল এবং বৃষ্টিপাতের পরিমাপ প্রতিদিন নিয়মিত ভাবে বন্যা তথ্য কেন্দ্রে টেলিফোনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। বৃষ্টিপাত না হলে শূন্য পরিমাপ জানাতে হবে।

যেহেতু বেতার চালকগণ ও গেজ পাঠকগণ স্থানীয় নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণের প্রশাসনিক নিয়ন্ত্রণে আছেন, সেহেতু বেতার চালক ও গেজ পাঠকগণ যাতে উপাত্ত সঠিক ভাবে প্রেরণ করেন তা গুরুত্বসহকারে তদারকি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। গেজ পাঠকের অনুপস্থিতি অথবা বেতার চালকের অনুপস্থিতি বা অন্য যে কোন প্রতিবন্ধকতায়ও উপাত্ত প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হল।

২১। প্রধান বার্তা সম্পাদক, বাংলাদেশ রেডিও/বাংলাদেশ টেলিভিশন/এনটিভি/এটিএন বাংলা/চ্যানেল আই/আরটিভি, ঢাকা। বন্যা তথ্য সম্বলিত বার্তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচেছ।

২২। সহকারী পরিচালক, (নিরাপত্তা ও গোয়েন্দা) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা। কর্মরত কর্মচারীগণকে সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য সরকারী ছুটির দিনে পানি ভবনের ৩য় তলায় স্থাপিত বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের অফিস খোলা ও বন্ধ রাখাসহ সার্বিক নিরাপত্তা বিধানের অনুরোধ করা যাচেছ।

১৩/৩/২০২৫
(মোহাম্মদ ফয়সাল চৌধুরী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
প্রধান প্রকৌশলীর দপ্তর, পানি বিজ্ঞান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

"Standing order on disaster (SOD)", 2019

সংযুক্তি-১ (ক)

### ৫.২.৮.২ বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (SPARRSO)

নিয়মিত দায়িত্ব পালনের পাশাপাশি বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

#### ঝুঁকিহ্রাস কার্যক্রম

ক) সেক্টরভিত্তিক ঝুঁকিহ্রাস ও প্রস্তুতি কৌশলে সহায়তা করতে স্যাটেলাইট ইমেজ, মানচিত্র তৈরি ও স্যাটেলাইটভিত্তিক সংকেত প্রদানের ব্যবস্থা গ্রহণ;

খ) ঝুঁকিহ্রাস কার্যক্রম ও কর্মসূচির জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিতকরণ;

গ) দুর্যোগঝুঁকি হ্রাসে রিমোট সেন্সিং ও স্পেস প্রযুক্তির উন্নয়ন করা;

ঘ) দুর্যোগ পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় সহায়তা করতে স্যাটেলাইটে ছবি ধারণ ব্যবস্থার অব্যাহতভাবে উন্নয়নসাধন করা।

#### জরুরি সাড়াদান

ক) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি তথ্য সার্ভিস ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে খরা, বন্যা, ঘূর্ণিঝড়, টর্নেডো, জলোচ্ছ্বাস ইত্যাদির বিশ্লেষিত তথ্য-উপাত্তসহ স্বল্প সময়ের স্যাটেলাইট ইমেজ সরবরাহ করা।

### ৫.২.৯ পানিসম্পদ মন্ত্রণালয়

পানিসম্পদ মন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনায় নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

#### ঝুঁকিহ্রাস কার্যক্রম

ক) পানিসম্পদ নীতি, পরিকল্পনা ও কর্মসূচিতে দুর্যোগঝুঁকি হ্রাস বিষয় অন্তর্ভুক্ত করা;

খ) পানিসম্পদ মন্ত্রণালয়ের সেক্টরভিত্তিক ঝুঁকিহ্রাস ও প্রস্তুতির কৌশল প্রণয়ন করা;

গ) ঝুঁকিহ্রাস, পুনর্বাসন-কার্যক্রম ও কর্মসূচির বাজেট প্রণয়ন ও অর্থ বরাদ্দ নিশ্চিতকরণ;

ঘ) উপকূলীয় এলাকার পোল্ডার/বাঁধ, বন্যাপ্রবণ এলাকায় নির্মিত বাঁধ মেরামত ও দুর্যোগকালে রক্ষার্থে স্বতন্ত্র বাজেট রাখাসহ এর ব্যবহারে স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের ক্ষমতা প্রদান;

ঙ) সেক্টরভিত্তিক ঝুঁকি যোগাযোগ-ব্যবস্থা প্রতিষ্ঠা করা;

চ) বন্যার ক্ষয়ক্ষতি হ্রাস বা নিয়ন্ত্রণ নিশ্চিত করতে ঝুঁকিহ্রাস কার্যক্রম গ্রহণ।

#### জরুরি সাড়াদান

#### (১) সাড়াদান প্রস্তুতি পর্যায়

ক) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল ও আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ সংশ্লিষ্ট সংস্থাকে নির্দেশনা প্রদান;

খ) দুর্যোগ ব্যবস্থাপনা নীতি ও অনুশীলন মন্ত্রণালয়ের মূলধারায় সম্পৃক্ত করা;

গ) উন্নয়ন নীতিমালার মূলধারায় দুর্যোগঝুঁকি হ্রাস সম্পৃক্তকরণ নিশ্চিতকরণ;

ঘ) মন্ত্রণালয়ের দুর্যোগঝুঁকি হ্রাস ও সাড়াদান ব্যবস্থাপনা কর্মসূচির জন্য অর্থসংস্থান নিশ্চিতকরণ;

ঙ) দুর্যোগঝুঁকিপূর্ণ এলাকাসমূহে বাঁধ তৈরি, স্লুইসগেট নির্মাণ ও পরিচালনা ও বাঁধ রক্ষণাবেক্ষণে ঝুঁকিহ্রাস কার্যক্রম অন্তর্ভুক্ত করা;

চ) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র পরিচালনা ও ব্যবস্থাপনায় যথাযথ সহায়তা প্রদান;

ছ) সব গুরুত্বপূর্ণ নদী সিস্টেমের পানির স্তর পর্যবেক্ষণ করতে সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশনা প্রদান;

জ) আপদকালীন পরিকল্পনা প্রণয়ন।

**(২) সতর্কীকরণ/হুঁশিয়ারি পর্যায়**

ক) সকল গুরুত্বপূর্ণ নদী সিস্টেমের পানির স্তর অব্যাহতভাবে পর্যবেক্ষণ করা;

খ) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ বার্তা সরবরাহ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

গ) জরুরি সাড়াদান ও পুনরুদ্ধার পর্যায়ে কার্যকর যোগাযোগ, তথ্য আদানপ্রদান ও প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণ;

ঘ) আকস্মিক বন্যার পূর্বাভাস ও সতর্কীকরণ বার্তা সরবরাহ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ।

**(৩) দুর্যোগ পর্যায়**

ক) প্রতিদিন/সাপ্তাহিক বন্যা পরিস্থিতির প্রতিবেদন সরবরাহ করা ও প্রচার করা;

খ) স্লুইসগেট রক্ষা করা, বাঁধের ফাটল/ছিদ্র ও দুর্বল স্থান মেরামত করা;

গ) দ্রুত ক্ষয়ক্ষতির হিসাব করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিতকরণ;

ঘ) সতর্ক সংকেত কার্যকরভাবে প্রচার নিশ্চিতকরণ।

**(৪) পুনর্বাসন ও পুনর্গঠন পর্যায়**

ক) ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ এবং অবকাঠামোর মেরামত, পুনর্গঠন ও পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ।

### ৫.২.৯.১ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র নিম্নলিখিত দায়িত্বাবলি পালন করবে:

**ঝুঁকিহ্রাস কার্যক্রম**

ক) বন্যাঝুঁকি নিরূপণ করা এবং বন্যা ও অন্যান্য পানিসংক্রান্ত দুর্যোগের ওপর দীর্ঘমেয়াদি ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা প্রণয়ন;

খ) নতুন বন্যাপ্রবণ অঞ্চল চিহ্নিত করা;

গ) বাংলাদেশের আকস্মিক বন্যাপ্রবণ অঞ্চলগুলো চিহ্নিত করা;

ঘ) বন্যা ও আগাম বন্যা সতর্কীকরণ করার উদ্ভাবিত লিড টাইম পূর্বাভাস চালু রাখা এবং এর পরিধি বিস্তৃত ও উন্নয়ন করা;

ঙ) দেশের দক্ষিণাঞ্চলে এ কার্যক্রম সম্প্রসারণ করে এ অঞ্চলের নদীর পানির উচ্চতা পরিমাপের পয়েন্টের সংখ্যা ও গেজ রিডারের সংখ্যা বাড়ানো;

চ) বন্যা ও আগাম বন্যা সতর্কীকরণ করার বিদ্যমান লিড টাইম বাড়িয়ে আনা, বেশিসংখ্যক পয়েন্ট থেকে তথ্য সংগ্রহ, প্রচলিত মোবাইল ফোনের মাধ্যমে গেজ রিডারদের কাছ থেকে তথ্য সংগ্রহ পদ্ধতির উন্নয়ন ও মোবাইল অ্যাপস ব্যবহার করা;

ছ) নদীর পানি বৃদ্ধির তথ্য প্রদানের সঙ্গে সম্ভাব্য নিমজ্জন এলাকা মানচিত্রে চিহ্নিত করে বন্যা পূর্বাভাস প্রদানের ব্যবস্থা গ্রহণ।

**(২) সতর্কীকরণ/হুঁশিয়ারি পর্যায়**

ক) টেলিফোন, মুঠোফোন, ইমেইল ও ওয়্যারলেসের মাধ্যমে বন্যা ও আগাম বন্যা সম্পর্কে সংশ্লিষ্টদের সতর্ক করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

খ) যথাযথ প্রস্তুতি নিশ্চিত করতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরকে দীর্ঘ, মধ্য ও স্বল্পমেয়াদি বন্যা পূর্বাভাস সম্পর্কে তথ্য প্রদান।

### ৫.২.৯.২ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

দুর্যোগ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড নিম্নলিখিত দায়িত্বাবলি পালন করবে:

**ঝুঁকিহ্রাস কার্যক্রম**

ক) পানিসম্পদ নীতি, পরিকল্পনা ও কর্মসূচিতে দুর্যোগঝুঁকি হ্রাস বিষয়কে অন্তর্ভুক্ত করতে সহযোগিতা প্রদান;

খ) পানিসম্পদ মন্ত্রণালয়ের খাতভিত্তিক ঝুঁকিহ্রাস ও প্রস্তুতি কৌশলের কর্মপরিকল্পনা প্রণয়ন;

গ) হাওর অঞ্চলের ঝুঁকি চিহ্নিতকরণ এবং বাঁধ নির্মাণকাজে জনপ্রতিনিধি এবং স্থানীয় উপকারভোগীদের চাহিদার সঙ্গে সমন্বয়সাধন;

ঘ) প্রযুক্তি ও নকশা তৈরিসহ বন্যার আগাম সতর্ক বার্তা প্রদান ব্যবস্থার উন্নয়নসাধন;

ঙ) উন্নত প্রযুক্তি ও দক্ষ জনশক্তিসহ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র শক্তিশালীকরণ;

চ) বর্তমান ও ভবিষ্যৎ ঝুঁকি বিবেচনায় নিয়ে বাঁধের নকশা প্রস্তুতকরণ;

ছ) মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ঝুঁকিহ্রাস কার্যক্রম বাস্তবায়নে সক্ষমতা গড়ে তোলা;

জ) বিদ্যমান অবকাঠামোর (যেমন: বাঁধ, পোল্ডার ও স্লুইসগেট) ডাটা সংগ্রহ, ডাটা এন্ট্রি এবং ডাটাবেজ সংরক্ষণ;

ঝ) দেশের সকল এলাকার স্লুইসগেটগুলোর সংস্কার ও প্রয়োজনীয় মেরামতের জন্য পদক্ষেপ গ্রহণ;

ঞ) যথাসময়ে অর্থ ছাড়করণের ব্যবস্থা গ্রহণক্রমে বাঁধ তৈরি, ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত;

ট) পানি নিষ্কাশন খাল ও নালাগুলো দখলমুক্ত করে প্রয়োজনীয় সংস্কারসাধন ও নাব্যতা ফিরিয়ে আনা;

ঠ) নতুন বন্যাপ্রবণ ও জলাবদ্ধতা অঞ্চল চিহ্নিত করে প্রতিকারের উদ্যোগ গ্রহণ।

খ) স্বল্পতম সময়ের মধ্যে অভ্যন্তরীণ, শিল্পসংক্রান্ত এবং রপ্তানি কাজে ব্যবহৃত ভৌত অবকাঠামো এবং স্থাপনাগুলো চালু করা। এক্ষেত্রে কৃষি, মৎস্যসম্পদ ও শিল্প পুনর্বাসন প্রকল্পগুলোকে অগ্রাধিকার দিতে হবে;

গ) কোনো এলাকার বন্যা নিয়ন্ত্রণ বা বন্যার ক্ষয়ক্ষতি হ্রাস করা বা পুনঃসংঘটন প্রতিরোধের লক্ষ্যে নতুন নতুন পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন;

ঘ) ভবিষ্যতে দিক-নির্দেশনার লক্ষ্যে বর্তমান তৎপরতার সবল ও দুর্বল দিকগুলো মূল্যায়ন।

### ৫.২.৯.২.১ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের কার্যালয়গুলো (ঘূর্ণিঝড়-সম্পর্কিত)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মীগণ দুর্যোগ মোকাবিলায় তাদের সংশ্লিষ্ট এলাকায় নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

**ঝুঁকিহ্রাস কার্যক্রম**

ক) ঝুঁকি নিরূপণ করা এবং ওয়াটার সেক্টরে স্থানীয় পর্যায়ের ঝুঁকিহ্রাস পরিকল্পনা তৈরি;

খ) যথাযথ নকশা অনুযায়ী স্থানীয় পর্যায়ের জন্য উপযোগী বাঁধ তৈরি;

গ) স্বাভাবিক সময়ে নিয়মিতভাবে অবকাঠামোগুলো পরিদর্শন, পরিবীক্ষণ ও পরিস্থিতি বিশ্লেষণ এবং অবকাঠামোর (যেমন: বাঁধ, পোল্ডার ও স্লুইসগেট) ডাটাবেজ সংরক্ষণ;

ঘ) অবকাঠামো শক্তিশালী করতে নিয়মিত সংস্কার ও রক্ষণাবেক্ষণ;

ঙ) যথাসময়ে বাঁধগুলো তৈরি করা, গুণমান নিশ্চিতকরণ এবং তা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা;

চ) পানি নিষ্কাশন খাল ও নালাগুলো দখলমুক্ত করার উদ্যোগ গ্রহণ ও সংস্কারসাধন।

**জরুরি সাড়াদান**

**(১) সাড়াদান প্রস্তুতি পর্যায়**

ক) আবহাওয়ার বিশেষ বুলেটিন/বার্তা সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সকলকে অবহিত করা এবং বাঁধ ও অন্যান্য স্থাপনার নিরাপত্তার জন্য সতর্কমূলক পদক্ষেপ গ্রহণের নির্দেশ প্রদান;

খ) এলাকায় অবস্থিত বাঁধগুলোর ছিদ্র, ভাঙন, ফাটল, দুর্বল স্থান এবং ভাঙা স্লুইসগেট মেরামত করা এবং মেরামতের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি নিরাপদ স্থানে মজুত রাখা;

গ) স্লুইসগেট, বাঁধ এবং অন্য স্থাপনার অবস্থা এবং মেরামত ও পুনর্নির্মাণের অগ্রগতি বিষয়ে পরিদর্শন সাপেক্ষে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে নিয়মিত প্রতিবেদন প্রেরণ;

ঘ) প্রতিটি বাঁধের দুই পাশের অবস্থা নিয়মিত পরিবীক্ষণ এবং তাৎক্ষণিক মেরামত;

ঙ) পানির চাপ সঠিকভাবে মোকাবিলায় স্লুইসগেট সঠিকভাবে অপারেট করা।

**(২) সতর্কীকরণ/হুঁশিয়ারি পর্যায়**

ক) কর্মচারীদের সুরক্ষা দেওয়াসহ বোর্ডের সম্পদ, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদির নিরাপত্তার জন্য সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ;

খ) স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং অন্যান্য সংস্থার সঙ্গে কার্যক্রমের সমন্বয়সাধন;

সংযুক্তি-১(খ)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সচিবালয়, ওয়াপদা ভবন
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

...-১৫৯-পাউবো/সাও/পওম-১

তারিখঃ ৩০-১০-২০০২ইং

## বিজ্ঞপ্তি

...দেশে বন্যা পরিস্থিতি মোকাবেলা ও প্রতি বন্যা মৌসুমের শেষে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য সকলকে ...র্দেশক্রমে অনুরোধ করা হইলঃ

বন্যা আসার পূর্বে উপ-বিভাগীয় প্রকৌশলী হইতে প্রধান প্রকৌশলী পর্যন্ত স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি, মহিলা ইউপি সদস্য, সুবিধাভোগী গন্যমান্য ব্যক্তি, সাংবাদিক সমেত সেমিনার, সভা আহ্বানের ব্যবস্থা করিতে হইবে এবং ঐ সভায় বন্যা পরিস্থিতি ও আপত কালীন সময় করণীয় বিষয়ে তথ্যাদি পরিবেশন করিতে হইবে।

বন্যা আগমনের পূর্বেই দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহবান এবং আসন্ন বন্যা মোকাবেলায় করনীয় ব্যবস্থার উপর বোর্ড হতে মাঠ পর্যায়ের দপ্তর সমূহে একটি পরিপত্র জারীর ব্যবস্থা নিতে হবে।

সাপ্তাহিক বন্যা পরিস্থিতির বিস্তারিত প্রতিবেদন সংশ্লিষ্টদের অবহিতকরণ।

নির্ধারিত বিভাগীয় দপ্তরে ২৪ ঘন্টা কন্টোল রুম খোলা রাখা এবং উহা এপ্রিল হইতে নভেম্বর পর্যন্ত অব্যাহত রাখা।

পাউবোর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র ফোকাল পয়েন্ট হিসাবে এবং ঐ কেন্দ্রে নিয়োজিত নির্বাহী প্রকৌশলীকে লিয়াজোঁ অফিসার হিসাবে দায়িত্ব রাখা।

নদ-নদীর বিপদ সীমা পানি সমতল, অবকাঠামোর অবস্থা নিয়মিত বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে প্রেরণ এবং জনগণকে বন্যার অবস্থা বোধগম্য পদ্ধতিতে অবহিত করণ।

অভিন্ন নদীর বন্যা পরিস্থিতি, পানি সমতল, বৃষ্টিপাত, আবহাওয়া বিষয়ক তথ্যাদি প্রতিবেশী দেশ তথা ভারত, ভুটান ও নেপাল হইতে বর্তমানের চেয়ে আরো বেশী সংগ্রহের ব্যবস্থাকরণ, যাহাতে আগাম বন্যা সম্পর্কে অতি দ্রুত ব্যবস্থা নেওয়া যায়।

বন্যা কালীন সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীর সদর দপ্তরে উপস্থিতি নিশ্চিতকরণ, অবকাঠামোর ঝুকিপূর্ণ স্থান সমূহ চিহ্নিতকরণ, মেরামতের ব্যবস্থা ও সার্বক্ষনিক তদারকীকরণ। মেরামতের ধরণ কিরূপ হইবে তাহা নির্ধারণের জন্য প্রয়োজন হইলে নক্শা পরিদপ্তর হইতে ভেটিং করানো।

এলাকার স্থানীয় সংসদ সদস্য/প্রশাসন/মেম্বার/চেয়ারম্যান ও গন্যমান্য ব্যক্তিদের সহিত নিবিড় যোগাযোগ রক্ষা করিয়া নিয়মিত ফাইটিং কমিটি গঠন করণ।

তাৎক্ষণিকভাবে দূর্যোগ মোকাবেলার জন্য বস্তা, মাটি, বাঁশ, কোদাল, ফিলটার মেটেরিয়াল, খুড়ি, ইত্যাদি প্রস্তুত রাখা।

আপদকালীন মেরামতের জন্য অগ্রীম অর্থ বরাদ্দের সংকুলান রাখা এবং ইহা নিশ্চিতকরণ।

প্রয়োজনে প্রতিরক্ষা বাহিনীর সাহায্য গ্রহণ।

বন্যা প্রতিবেদনের সংযোজিত ম্যাপে প্লাবিত এলাকা, ক্ষতিগ্রস্ত বাড়ী ঘর, নদী তীর, অবকাঠামো, বিভিন্ন রংয়ে উপস্থাপন করণ এবং আনুমানিক ক্ষয়ক্ষতির পরিমাণসহ প্রতিবেদন প্রদান।

১৪। [illegible] পূর্বে যানবাহন সচল রাখা এবং দূর্যোগে জরুরী নির্মান সামগ্রীর গুনগত মান বহাল রাখা [illegible] অবৈধভাবে জরাটকারী, বাঁধ/বেরা দিয়ে পানি চলাচলে বিঘ্ন সৃষ্টি, খালের পাড়ে অবৈধ দোকান, বাড়ি [illegible] ইত্যাদি উচ্ছেদ এবং অপর্যাপ্ত ব্রীজ কালভার্ট পুনঃ নির্মানের ব্যবস্থা করন।

১৫। বর্ষা শেষে গঠিত টিমের মাধ্যমে ক্ষয়ক্ষতি জরীপ করিয়া বিস্তারিত প্রতিবেদন ৩০শে সেপ্টেম্বরের মধ্যে দাখিল করা এবং তদনুযায়ী প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করণ।

১৬। উপকুলীয় এলাকায় বাঁধের কোন ভাঙ্গন হইলে তাৎক্ষণিকভাবে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত পূর্বক উপযুক্ত সময়ে মেরামত/নির্মাণের ব্যবস্থা জরুরী ভিত্তিতে নেওয়ার ব্যবস্থা নিশ্চিত করণ।

১৭। [illegible] পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে প্রয়োজনের তুলনায় অপ্রতুল বরাদ্দ পাওয়ার সম্পূর্ন মেরামত করিতে না পারায় পরবর্তীতে মেরামত ব্যয় বৃদ্ধি পায়। এ কারণে সমাপ্ত প্রকল্পে প্রয়োজনীয় ওএন্ডএম ব্যয় [illegible] নিশ্চিত করা প্রয়োজন।

১৮। উল্লেখযোগ্য অবকাঠামোসমূহ বন্যা কালীন সময়ে সার্বক্ষনিক নজরে রাখা প্রয়োজন যাহাতে কোন রকম মেরামতের প্রয়োজন হইলেই উহা সংগে সংগেই মেরামত করা যায়। সংগে সংগে মেরামত না করিলে পরবর্তীতে মেরামত ব্যয় বৃদ্ধি পাইবার সমূহ সম্ভাবনা থাকিয়া যায়।

স্বাক্ষরিত/=
(জি, এ, জাফর)
সচিব
পাউবো, ঢাকা।

স্মারক নং- ৩৩৪ (৫০) পাউবো/সচি/পওর-১ তারিখঃ ৩০-১০-২০০২ইং

[illegible] অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)/প্রধান পরিকল্পনা/চীফ মনিটরিং ............

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) ............

৩। পরিচালক (সকল) ............

৪। উপ-পরিচালক/[illegible] প্রধান, (সকল) ............

৫। নির্বাহী প্রকৌশলী (সকল) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো, ঢাকা।

৬। পি, এস, ও টু - মহাপরিচালক, পাউবো, ঢাকা।

৭। একান্ত সচিব, অতিঃ মহাপরিচালক, পাউবো, ঢাকা।

............

(এ, বি, এম, এমদাদুল হক)
শাখা অফিসার (পওর-১)
পাউবো, ঢাকা।

সংযুক্তি - ১(ক)

## Water Level and Rainfall included in the Flood Forecasting System

### Water Level & Rainfall or Water Level stations

| SL. No. | Station Name | Initial-Station | River Name | District | Upazilla | Measurement Division | Measurement Sub-Division | Contact Number | Data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Brahmaputra Basin | | | | | | | | | |
| 1 | Pateswari | Pat | Dudkumar | Kurigram | Nageshwari | NMD | Rangpur | 01321139537 | WL & RF |
| 2 | Kurigram | Kur | Dharla | Kurigram | Kurigram Sadar | NMD | Rangpur | 01787694762 | WL & RF |
| 3 | Dalia | Dal | Teesta | Nilphamari | Dimla | NMD | Rangpur | 01787694760 | WL & RF |
| 4 | Kaunia | Kau | Teesta | Lalmonirhat | Lalmonirhat Sada | NMD | Rangpur | 01787694769 | WL & RF |
| 5 | Badarganj | Bad | Jamuneswari | Rangpur | Taraganj | NMD | Rangpur | 01787694764 | WL & RF |
| 6 | Gaibandha | Gai | Ghagot | Gaibandha | Gaibandha Sadar | NMD | Rangpur | 01787694765 | WL & RF |
| 7 | Chakrahimpur | Chk | Karatoa | Gaibandha | Gobingaganj | NMD | Rajshahi | 01787694766 | WL & RF |
| 8 | Bogura | Bog | Karatoa | Bogra | Shajahanpur | NMD | Rajshahi | 01787694724 | WL & RF |
| 9 | Shimulbari | Shi | Bangali | Bogra | Sonatola | NMD | Rangpur | 01321139540 | WL |
| 10 | Noonkhawa | Noo | Brahmaputra | Kurigram | Nageshwari | NEMD | Rangpur | 01787694767 | WL |
| 11 | Hatia (Ulipur) | Hta | Brahmaputra | Kurigram | Ulipur | NMD | Rajshahi | 01787694730 | WL |
| 12 | Chilmari | CHL | Brahmaputra | Kurigram | Chilmari | NMD | Pabna | 01787694768 | WL & RF |
| 13 | Fulchari | Ful | Jamuna | Gaibandha | Fulchari | NEMD | Dhaka | 01321139535 | WL |
| 14 | Saghata | Sgh | Jamuna | Gaibandha | Saghata | NMD | Rajshahi | 01321139539 | WL |
| 15 | Bahadurabad (Transit | Bah | Jamuna | Jamalpur | Islampur | NMD | Pabna | 01787694771 | WL |
| 16 | Sariakandi | Sar | Jamuna | Bogra | Sariakandi | NEMD | Mymensing | 01787694758 | WL |
| 17 | Kazipur | Kaz | Jamuna | Sirajganj | Kazipur | NEMD | Mymensing | 01755692991 | WL |
| 18 | Serajganj | Ser | Jamuna | Sirajganj | Sirajganj Sadar | NEMD | Mymensing | 01787694723 | WL & RF |
| 19 | Porabari | Por | Jamuna | Tangail | Nagarpur | NEMD | Dhaka | 01321139534 | WL |
| 20 | Mathura | Mat | Jamuna | Pabna | Bera | NEMD | Dhaka | 01321139541 | WL |
| 21 | Aricha | Ari | Jamuna | Manikganj | Shibalaya | NEMD | Dhaka | 01787694780 | WL |
| 22 | Singra | Sin | Atrai Gur | Natore | Singra | NEMD | Dhaka | 01731126927 | WL |
| 23 | Baghabari | Bag | Atrai | Sirajganj | Shahjadpur | NEMD | Dhaka | 01787694743 | WL |
| 24 | Elasin | Ela | Dhaleswari | Tangail | Tangail Sadar | NEMD | Dhaka | 01787694772 | WL |

| SL No | Station Name | Initial-Station | River Name | District | Upazilla | Measurement Division | Measurement Sub-Division | Contact Number | Data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 25 | Jamalpur | Jam | Old Brahmap | Jamalpur | Jamalpur Sadar | NEMD | Dhaka | 01787694774 | WL & RF |
| 26 | Jagannathganj | Jgg | Old Brahmap | Jamalpur | Sarishabari | NEMD | Dhaka | 01400451435 | WL |
| 27 | Mymensingh | Mym | Old Brahmap | Mymensingh | Gauripur | NEMD | Dhaka | 01787694796 | WL & RF |
| 28 | Lakhpur | Lak | Lakhya | Gazipur | Kapasia | NEMD | Dhaka | 01787694781 | WL |
| 29 | Dhaka | Dha | Buriganga | Dhaka | Keraniganj | NEMD | Dhaka | 01787694783 | WL |
| 30 | Hariharpara | HHP | Buriganga | Munshiganj | Lohajang | NEMD | Dhaka | 01858992903 | WL |
| 31 | Demra | Dem | Balu | Dhaka | Demra Thana | NEMD | Dhaka | 01787694784 | WL |
| 32 | Narayanganj | Nag | Lakhya | Narayanganj | Narayanganj Sada | NEMD | Dhaka | 01787694790 | WL |
| 33 | Kaliakoir | Kak | Turag | Gazipur | Kaliakair | NEMD | Dhaka | 01321139533 | WL |
| 34 | Mirpur | Mir | Turag | Dhaka | Mirpur Thana | NEMD | Dhaka | 01787694792 | WL |
| 35 | Tongi | Ton | Tongi Khal | Gazipur | Gazipur Sadar | NEMD | Dhaka | 01787694789 | WL |
| 36 | Taraghat | Tar | Kaliganga | Manikganj | Manikganj Sadar | NEMD | Dhaka | 01787694787 | WL |
| 37 | Jagir | Jag | Old Dhaleswa | Manikganj | Manikganj Sadar | NEMD | Dhaka | 01787694794 | WL |
| 38 | Rekabi-Bazar | Rek | Dhaleswari | Narayanganj | Narayanganj Sada | NEMD | Dhaka | 01787694791 | WL |
| 39 | Nayarhat | Nay | Bangshi | Tangail | Mirzapur | NEMD | Dhaka | 01787694786 | WL |
| Ganges Basin | | | | | | | | | |
| 40 | Panchagarh | Pag | Upper Karato | Panchagarh | Panchagar Sadar | NMD | Dinajpur | 01787694763 | WL & RF |
| 41 | Dinajpur | Din | Punarbhaba | Dinajpur | Dinajpur Sadar | NMD | Dinajpur | 01787694776 | WL & RF |
| 42 | Phulbari | Phu | Ichamati-Jam | Dinajpur | Birganj | NMD | Dinajpur | 01787694777 | WL |
| 43 | Thakurgaon | Tha | Tangon | Thakurgaon | Thakurgaon Sada | NMD | Dinajpur | 01787694761 | WL & RF |
| 44 | Bhusirbandar | Bhu | Upper Atrai | Dinajpur | Chirirbdndar | NMD | Dinajpur | 01787694778 | WL |
| 45 | Rohanpur | Roh | Punarvaba | Chapai Nawabg | Gomastapur | NMD | Rajshahi | 01787694755 | WL & RF |
| 46 | Chapai-Nawabganj | Cha | Mohananda | Chapai Nawabg | Nawabganj Sadar | NMD | Rajshahi | 01787694753 | WL & RF |
| 47 | Naogaon | Nao | Little Jamuna | Naogaon | Naogaon Sadar | NMD | Rajshahi | 01787694759 | WL & RF |
| 48 | Mohadebpur | Moh | Atrai | Naogaon | Manda | NMD | Rajshahi | 01787694747 | WL & RF |
| 49 | Atrai | Atr | Atrai | Naogaon | Atrai | NMD | Rajshahi | 01787694767 | WL & RF |
| 50 | Pankha | Pan | Ganges | Chapai Nawabg | Shibganj | NMD | Rajshahi | 01787694754 | WL |
| 51 | Rajshahi | Raj | Ganges | Rajshahi | Paba | NMD | Pabna | 01787694749 | WL & RF |
| 52 | Hardinge-RB | Har | Ganges | Pabna | Ishwardi | SWMD | Faridpur | 01787694739 | WL |

| SL. No. | Station Name | Initial-Station | River Name | District | Upazilla | Measurement Division | Measurement Sub-Division | Contact Number | Data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 53 | Talbaria | Tal | Ganges | Kushtia | Mirpur | NEMD | Dhaka | 01650109286 | WL |
| 54 | Goalondo (Transit) | Goa | Padma | Rajbari | Goalanda | NEMD | Dhaka | 01787694729 | WL |
| 55 | Bhagyakul | Bha | Padma | Munshiganj | Sreenagar | NMD | Pabna | 01787694782 | WL & RF |
| 56 | Mawa | Maw | Padma | Munshiganj | Lohajang | SWMD | Faridpur | 01953517411 | WL |
| 57 | Sureshswar | Sur | Padma | Shariatpur | Naria | SWMD | Khulna | 01787694785 | WL |
| 58 | Gorai-RB | Gor | Gorai | Kushtia | Kumarkhali | SWMD | Jessore | 01787694722 | WL |
| 59 | Kamarkhali (Transit) | Kma | Gorai | Magura | Magura Sadar | SWMD | Jessore | 01787694726 | WL |
| 60 | Sakra | Sak | Ichamati | Satkhira | Debhata | SWMD | Jessore | 01787694732 | WL |
| 61 | Chuadanga | Chu | Mathabhanga | Chuadanga | Chuadanga Sadar | SWMD | Khulna | 01787694731 | WL |
| 62 | Hatboalia | Hat | Mathabhanga | Chuadanga | Alamdanga | SWMD | Khulna | 01787694730 | WL |
| 63 | Jhikargacha | Jhi | Kobadak | Jessore | Jhikargachha | SWMD | Khulna | 01787694727 | WL |
| 64 | Kalaroa | Klr | Betna | Satkhira | Kalaroa | SWMD | Khulna | 01321139520 | WL |
| 65 | Faridpur | Far | Kumar | Faridpur | Faridpur Sadar | SWMD | Dhaka | 01787694728 | WL & RF |
| 66 | Madaripur | Mad | Arialkhan | Madaripur | Madaripur Sadar | SWMD | Dhaka | 01787694725 | WL & RF |
| 67 | Haridaspur | Had | Madaripur Be | Gopalganj | Gopalganj Sadar | SWMD | Dhaka | 01321139532 | WL & RF |
| 68 | Barishal | Bar | Kirtonkhola | Barishal | Barishal Sadar | SWMD | Barishal | 01321139531 | WL & RF |
| 69 | Khulna | Khu | Rupsa | Khulna | Khalishpur Thana | SWMD | Khulna | 01787694733 | WL & RF |
| 70 | Mongla | Mon | Pashure | Bagerhat | Mongla | SWMD | Khulna | 01932058618 | WL |
| | Meghna Basin | | | | | | | | |
| 71 | Kanaighat | Kan | Surma | Sylhet | Kanaighat | NEMD | Sylhet | 01787694746 | WL & RF |
| 72 | Sylhet | Syl | Surma | Sylhet | Sylhet Sadar | NEMD | Sylhet | 01787694740 | WL & RF |
| 73 | Sunamganj | Sun | Surma | Sunamganj | Sunamganj Sadar | NEMD | Sylhet | 01321139536 | WL & RF |
| 74 | Amalshid | Ama | Kushiyara | Sylhet | Zakiganj | NEMD | Sylhet | 01787694741 | WL |
| 75 | Sheola | She | Kushiyara | Sylhet | Beani Bazar | NEMD | Sylhet | 01787694750 | WL & RF |
| 76 | Sherpur-Sylhet | Shr | Kushiyara | Maulvibazar | Maulvi Bazar Sad | SEMD | Brahmonbaria | 01787694757 | WL & RF |
| 78 | Markuli | Mar | Surma-Meghn | Sunamganj | Derai | NEMD | Sylhet | 01787694716 | WL |
| 79 | Sarighat | Sag | Sarigowain | Sylhet | Gowainghat | NEMD | Sylhet | 01787694742 | WL |
| 80 | Manu-RB | Man | Manu | Maulvibazar | Kulaura | NEMD | Sylhet | 01787694748 | WL & RF |
| 81 | Moulvibazar | Mou | Manu | Maulvibazar | Rajnagar | NMED | Sylhet | 01787694751 | WL & RF |

| SL No. | Station Name | Initial-Station | River Name | District | Upazilla | Measurement Division | Measurement Sub-Division | Contact Number | Data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 82 | Islampur | Isl | Dhalagang | Sylhet | Companiganj | SEMD | Brahmonbaria | 01814118771 | WL |
| 83 | Kamalganj | Kam | Dhalai | Maulvibazar | Kamalganj | SEMD | Brahmonbaria | 01787694744 | WL & RF |
| 84 | Ballah | Bal | Khowai | Habiganj | Chunarughat | NEMD | Sylhet | 01787694717 | WL |
| 85 | Habiganj | Hab | Khowai | Habiganj | Baniachong | NEMD | Sylhet | 01787694718 | WL & RF |
| 86 | Derai | Der | Surma Old C | Sunamganj | Derai | SEMD | Brahmonbaria | 01310671877 | WL |
| 87 | Khaliajuri | Lja | Dhanu | Netrokona | Khaliajuri | NEMD | Mymensingh | 01787694719 | WL |
| 88 | Muslimpur | Mus | Jhalukhali | Sunamganj | Sunamganj Sadar | NEMD | Sylhet | 01762716511 | WL |
| 89 | Lorergorh | Lor | Jadukata | Sunamganj | Tahirpur | NEMD | Mymensingh | 01787694752 | WL & RF |
| 90 | Bijoypur | Bij | Someswari | Netrokona | Durgapur | NEMD | Mymensingh | 01920152034 | WL |
| 91 | Durgapur | Dur | Someswari | Netrokona | Durgapur | SEMD | Brahmmanbaria | 01787694798 | WL & RF |
| 92 | Kalmakanda | Kal | Someswari | Netrokona | Kalmalanda | SEMD | Brahmonbaria | 01781512750 | WL |
| 93 | Nakuagaon | Nak | Bhugai | Sherpur | Nalitabari | NEMD | Dhaka | 01787694773 | WL & RF |
| 94 | Jariajanjail | Jar | Kangsha | Netrokona | Durgapur | SEMD | Comilla | 01787694797, 01321139528 | WL & RF |
| 95 | B. Baria | Bba | Titas | Brahmmonbaria | B. Baria Sadar | SEMD | Comilla | 01787694720 | WL & RF |
| 96 | Bhairab Bazar | BHB | Upper Meghn | Kishorganj | Bhairab | SEMD | Comilla | 01787694721 | WL & RF |
| 97 | Narsingdi | Nar | Meghna | Narsingdi | Narsingdi Sadar | SEMD | Dhaka | 01787694793 | WL & RF |
| 98 | Baidyar Bazar | Bai | Meghna | Narayanganj | Araihazar | SEMD | Dhaka | 01788405237 | WL |
| 99 | Meghna Bridge | Meg | Meghna | Munshiganj | Gazaria | SEMD | Dhaka | 01821067536 | WL |
| 100 | Cumilla | com | Gumti | Comilla | Comilla Sadar | SEMD | Chittagang | 01787694711 | WL |
| 101 | Debiddar (Jibanpur) | Deb | Gumti | Comilla | Debidwar | SEMD | Chittagang | 01787694712 | WL |
| 102 | Chandpur | Chn | Lower Meghn | Chandpur | Chandpur Sadar | SEMD | Chittagang | 01787694713 | WL & RF |
| 103 | Daulatkhan | Dai | Lower Meghn | Bhola | Daulatkhan | SEMD | Barishal | 01714284559 | WL |
| | South Eastern Hill Basin | | | | | | | | |
| 104 | Parshuram | Par | Muhuri | Feni | Parshuram | SEMD | Comilla | 01787694776 | WL & RF |
| 105 | Ramgarh | Ram | Feni | Chattogram | Fatikchhari | SEMD | Chittagong | 01787694706 | WL & RF |
| 106 | Narayanhat | Nat | Halda | Chattogram | Fatikchhari | SEMD | Chittagong | 01787694700 | WL & RF |
| 107 | Panchpukuria | Pak | Halda | Chattogram | Fatikchhari | SEMD | Chittagong | 01787694701 | WL & RF |
| 108 | Chattogram | Cht | Karnaphuli | Chattogram | Chattogram Sada | SEMD | Chittagong | 01787694790 | WL |

| SL. No. | Station Name | Initial-Station | River Name | District | Upazilla | Measurement Division | Measurement Sub-Division | Contact Number | Data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 109 | Bandarban | Ban | Sangu | Bandarban | Bandarban Sadar | SEMD | Chittagong | 01787694702 | WL & RF |
| 110 | Dohazari | Doh | Sangu | Chattogram | Chandanaish | SEMD | Chittagong | 01787694703 | WL |
| 111 | Lama | Lam | Matamuhuri | Cox's Bazar | Chakaria | SEMD | Chittagong | 01787694704 | WL & RF |
| 112 | Chiringa | Chi | Matamuhuri | Cox's Bazar | Chakaria | SEMD | Chittagong | 01787694705 | WL |
| | **Flash Flood** | | | | | | | | |
| 113 | Gowainghat | Gow | Sarigowain | Sylhet | Gowainghat | NEMD | Sylhet | 01735582757 | WL |
| 114 | Fenchuganj | Fen | Kushiyara | Sylhet | Fenchuganj | NEMD | Sylhet | 01724555152 | WL |
| 115 | Azmiriganj | Azm | Kalni | Habiganj | Ajmiriganj | NEMD | Sylhet | 01753383724 | WL |
| 116 | Sutang-RB | Sut | Sutang | Habiganj | Habiganj Sadar | NEMD | Sylhet | 01780710510 | WL |
| 117 | Lubachara | Lub | Lubachara | Sylhet | Kanairghat | NEMD | Sylhet | 01746243201 | WL |
| 118 | Jafflong | Jaf | Piyain | Sylhet | Jaintiapur | NEMD | Sylhet | 01832109744 | WL & RF |
| 119 | Solemanpur (South Sı | Sol | Patnaigang | Sunamganj | Tahirpur | NEMD | Sylhet | 01739516979 | WL |
| 120 | Akhterpara | Akt | Mahasing | Sunamganj | South Sunamganj | NEMD | Sylhet | 01796624425 | WL |
| 121 | Jagannathpur | Jgn | Nohhani/Nalj | Sunamganj | Jagannathpur | NEMD | Sylhet | 01724273699 | WL |
| 122 | Atpara | Atp | Mogra | Netrokona | Atpara | NEMD | Netrokona | 01981708031 | WL |
| 123 | Netrokona | Net | Mogra | Netrokona | Netrokona Sadar | NEMD | Netrokona | 01319936034 | WL |
| 124 | Chamraghat | Chm | Mogra | Kishoreganj | Karimgonj | NEMD | Sylhet | 01328330732 | WL |
| 125 | Chhatak | Chh | Surma-Meghı | Sunamganj | Chhatak | NEMD | Sylhet | 01601777627 | WL & RF |
| 126 | Juri_Silghat | Juc | Juri | Moulvi Bazar | Maulvibazar Sada | NEMD | Sylhet | 01735086031 | WL |
| 127 | Austrogram | Aus | Surma-Meghı | Kishoreganj | | SEMD | Dhaka | 01601540550 | WL |
| 128 | Itna | Itn | | Kishoreganj | | SEMD | Dhaka | 01911951377 | WL |

| Rainfall Only | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| SL. No. | Station name | Initial-Station | District | Measurement Division | Measurement Sub-Division | Data |
| 1 | Rangpur | Ran_R | Rangpur | NMD | Dinajpur | Rain |
| 2 | Dewangonj | Dew_R | Jamalpur | NEMD | Mymensing | Rain |
| 3 | Dhaka | Dha_R | Dhaka | NEMD | Dhaka | Rain |
| 4 | Tangail | Tan_R | Tangail | NEMD | Mymensingh | Rain |
| 5 | Pabna | Pab_R | Pabna | NMD | Pabna | Rain |
| 6 | Kushtia | Kus_R | Kushtia | NMD | Pabna | Rain |
| 7 | Jessore | Jes_R | Jessore | SWMD | Jessore | Rain |
| 8 | Khulna | Khu_R | Khulna | SWMD | Khulna | Rain |
| 9 | Satkhira | Sat_R | Satkhira | SWMD | Khlna | Rain |
| 10 | Patuakhali | Pat_R | Patuakhali | SWMD | Barisal | Rain |
| 11 | Barguna | Bgu_R | Barguna | SWMD | Barisal | Rain |
| 12 | Noakhali | Noa_R | Noakhali | SEMD | Comilla | Rain |
| 13 | Rangamati | Rng_R | Rangamati | SEMD | Chittagong | Rain |
| 14 | Chittagong | Ctg_R | Chittagong | SEMD | Chittgong | Rain |
| 15 | Cox's Bazar | Cob_R | Cox's Bazar | SEMD | Chittagong | Rain |
| 16 | Teknaf | Tek_R | Cox's Bazar | SEMD | Chittagong | Rain |

সংযুক্তি-২(ক)

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, লেভেল: ২, ব্লক: জি, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন: ৮৮-০২-২২২২-৩০০৭০ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৫৭৩৮৬
ই-মেইল: ffwcbwdb@gmail.com ; exen.ffwc@gmail.com
ওয়েবসাইট: www.ffwc.gov.bd

Office of The Executive Engineer
Flood Forecasting and Warning Centre
Bangladesh Water Development Board
Pani Bhaban (L: 2, Block: G), 72 Green Road, Dhaka 1205
Phone : 88-02-2222-30070; Fax: 88-02-9557386
E-mail: ffwcbwdb@gmail.com ; exen.ffwc@gmail.com
Website: www.ffwc.gov.bd

## প্রেস রিলিজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত সর্ববৃহৎ প্রতিষ্ঠান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) কাঠামোগত ও অকাঠামোগত ব্যবস্থার মাধ্যমে দেশের পানিসম্পদের সুষ্ঠ ব্যবস্থাপনা এবং উন্নয়নের দায়িত্বে নিয়োজিত আছে। সুষ্ঠ পানিসম্পদ ব্যবস্থাপনার অন্যতম প্রধান ক্ষেত্র বন্যা দুর্যোগ ব্যবস্থপনা। অকাঠামোগত বন্যা ব্যবস্থাপনার অংশ হিসেবে বাপাউবো-এর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বন্যার সময় সারাদেশে বন্যা পর্যবেক্ষণ এবং আগাম সতর্কবার্তা প্রচারের মাধ্যমে দেশের মানুষের জানমাল, গবাদি পশু এবং কৃষিকাজের ক্ষয়ক্ষতি রক্ষার্থে কাজ করে আসছে।

এপ্রিল-মে মাসে দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় স্থানসমূহে প্রাক-মৌসুমী আকস্মিক ঢলের সম্ভাবনা থাকে। এই সময় প্রধানত বোরো ধান উৎপাদন মৌসুমের কথা বিবেচনা করে ফসলের ক্ষয়ক্ষতি লাঘবার্থে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় হাওড় অববাহিকার জন্য আকস্মিক বন্যার আগাম সতর্কবার্তা প্রণয়ন এবং প্রচার করে। এই উদ্দেশ্যে প্রতি বছরের ন্যায় একটি "বন্যা তথ্য কেন্দ্র" বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র দপ্তরে ১৫ মার্চ-১৫ মে সময়কালীন দৈনিক ভিত্তিতে চালু থাকবে। ১৫ মার্চ হতে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র দপ্তরের নিয়মিত ওয়েবসাইট (www.ffwc.gov.bd, ffwc.bwdb.gov.bd) এবং আকস্মিক বন্যা পূর্বাভাস ওয়েবসাইটে (http://www.ffwc.gov.bd/flashflood) আগাম সতর্কবার্তাসমূহ নিয়মিত হালনাগাদ করণ করা হবে।

এই বন্যা সতর্কবার্তা মাননীয় রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়সহ গুরুত্বপূর্ণ সকল মন্ত্রণালয় যেমন পানি সম্পদ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়; গুরুত্বপূর্ণ দপ্তরসমূহ যেমন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থপনা অধিদপ্তর এবং স্থানীয় প্রশাসনসহ সর্বসাধারণ ও জনগণের কাছে বিভিন্ন মাধ্যমে পৌঁছে দেয়া হয়ে থাকে। সর্বসাধারণের অবগতির জন্য নিম্নোক্ত উৎসগুলি দেয়া হলো যার মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত জনসাধারণ বন্যা আগাম সতর্কবার্তা সংক্রান্ত তথ্য লাভ করতে পারবেন।

**১. আকস্মিক বন্যা বুলেটিন:**
দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় হাওড় অববাহিকার প্রধান নদ-নদীসমূহের ৪৪টি স্টেশনের পানি সমতল এবং ৩৭টি স্টেশনের বারিপাত তথ্য দৈনিক নিয়মিত ভিত্তিতে সংগ্রহ করে বুলেটিন আকারে প্রকাশ করা হয় যা নিম্নোক্ত ভাবে পাওয়া যাবে:

নিয়মিত ওয়েবসাইট > Forecast and Warning Tab > Flood Bulletin
আকস্মিক বন্যা ওয়েবসাইট > Flash Flood Bulletin Tab > Observed Bulletin

**২. তিন-দিনের সুনির্দিষ্ট (Deterministic) তথ্য ভিত্তিক আকস্মিক বন্যা পূর্বাভাস:**
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেল ভিত্তিক তথ্য উপাত্ত ব্যবহার করে প্রধান নদ-নদীসমূহের ২৮টি স্টেশনে তিনদিনের আগাম বন্যার পূর্বাভাস প্রস্তুত করা হয় যা নিম্নোক্ত ভাবে পাওয়া যাবে:

আকস্মিক বন্যা ওয়েবসাইট > Flash Flood Bulletin Tab > Forecast Bulletin

**৩. দৈনিক আকস্মিক বন্যা প্রতিবেদন:**
উত্তর-পূর্বাঞ্চলের নদ-নদী সমূহের আগামী ৩-দিনের সম্ভাব্য পানি সমতল অবস্থা বিষয়ক প্রস্তুতকৃত প্রতিবেদন এবং পানি সমতলের প্রতিদিনকার অবস্থা নিম্নোক্ত ভাবে পাওয়া যাবে:

নিয়মিত ওয়েবসাইট > Forecast and Warning Tab > Flood Summary
আকস্মিক বন্যা ওয়েবসাইট > Flash Flood Bulletin Tab > Summary Bulletin

**৪. ৭-দিনের ধারণাগত (Qualitative) বন্যা পূর্বাভাস:**
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ভারত আবহাওয়া অধিদপ্তর, National Oceanic & Atmospheric Administration (NOAA) এবং European Centre for Medium Range Weather Forecast (ECMWF) এর গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস ব্যবহার করে সাতদিনের ধারণাগত আগাম বন্যার পূর্বাভাস প্রতিবেদন আকারে প্রচার করা হয় যা নিম্নোক্ত ভাবে পাওয়া যাবে:

নিয়মিত ওয়েবসাইট > Forecast and Warning Tab > Special Outlook
আকস্মিক বন্যা ওয়েবসাইট > Flash Flood Bulletin Tab > Outlook

**৫. আধুনিক আবহাওয়া, জলবায়ু এবং স্যাটেলাইট ভিত্তিক পূর্বাভাস:**
বাপাউবো এবং যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে উন্নত প্রযুক্তির মাধ্যমে আবহাওয়া পূর্বাভাস এবং স্যাটেলাইট ভিত্তিক বৃষ্টিপাত উপাত্তের সমন্বয়ে ৩-দিন মেয়াদী পূর্বাভাস প্রদান করা হয় যা নিচের লিংকে পাওয়া যাবে:

http://103.141.9.106/flashflood

**৬. বিশ্ব আবহাওয়া সংস্থা কর্তৃক দক্ষিণ এশিয়ার জন্য আকস্মিক বন্যা পোর্টাল:**
বিশ্ব আবহাওয়া সংস্থা (WMO) -এর পৃষ্ঠপোষকতায় দক্ষিণ এশিয়া অঞ্চলের জন্য "South Asia Flash Flood Guidance System (SAFFGS)" নামক একটি ওয়েব পোর্টাল প্রস্তুত করা হয়েছে যেখানে বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলসহ বিভিন্ন অঞ্চলের সর্বোচ্চ ৩৬ ঘন্টা মেয়াদী পূর্বাভাস পাওয়া যায়। SAFFGS হতে প্রচারকৃত এই পূর্বাভাসের প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিম্নোক্ত ভাবে পাওয়া যাবে:

নিয়মিত ওয়েবসাইট > Forecast and Warning Tab > SAFFGS Bulletin
আকস্মিক বন্যা ওয়েবসাইট > Flash Flood Bulletin Tab > SAFFGS Bulletin

বর্ণিত তথ্যসমূহ হালনাগাদকরণ সাপেক্ষে ই-মেইল যোগে দৈনিক ভিত্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমূহ, সংশ্লিষ্ট জেলা প্রশাসন অফিস সমূহ, বাপাউবো'র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ সহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং প্রধান গণমাধ্যমসমূহকে প্রদান করা হবে। এছাড়া অ্যানরয়েড মোবাইল অ্যাপে (BWDB Flood App) এ এবং IVR এর মাধ্যমে আকস্মিক বন্যা বার্তা দৈনিক প্রচার করা হবে যা ১০৯০ নম্বরে ডায়াল করে ৫ চেপে বিনামূল্যে শোনা যাবে।

(সরদার উদয় রায়হান)
নির্বাহী প্রকৌশলী
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা
ফোন: ০১৩১৮-২৩৪৯৬২